The Business Standard
13 JUL 2025

# Dhaka, Washington yet to agree on 20% of US tariff conditions: BGMEA

TRADE – BANGLADESH

ABUL KASHEM

We are willing to accept the 40% value addition if US agrees to lower reciprocal tariff rate from 35% to 15%: BGMEA President Hasan Mahmud Babu

Bangladesh and the United States have reached an agreement on 80% of the conditions proposed by Washington, while no consensus has been reached on the remaining 20% during the second round of tariff negotiation between the two sides, said BGMEA President Hasan Mahmud Babu.

Mentioning that the government informed them on the progress, he told TBS that on the third and final day of the three-day talks on the imposition of a 35% US tariff on Bangladeshi exports, held on 11 July night in Washington DC, some inputs were taken from Bangladeshi business owners.

He further said the government had not communicated to them any topics on which the two parties have either reached an agreement or have not.

"We were not included in the meeting. Since we were kept in the dark and we have been telling the government about it, we were asked for some input before the meeting last night. We gave input. At the end of the meeting, we were told that the reciprocal tariff rate imposed on Bangladesh will be reduced from 35%," he added.

Babu said they were not part of the meeting and as they have been insisting on the government about it, only some inputs were sought from them on the last day of the negotiations.

When asked about the US condition requiring 40% value addition for Bangladeshi exports, he said, "It's not that woven garments are completely incapable of achieving 40% value addition. We are willing to accept the 40% value addition requirement if the US agrees to lower the reciprocal tariff rate from 35% to 15%."

Asked about the US' concerns regarding the increased Chinese investment in Bangladesh and their condition to reduce imports from China, the BGMEA president said they do not know anything about the conditions given by the US. "The government is unable to share anything about this because it has a non-disclosure agreement."

Former president of the Bangladesh Textile Mills Association (BTMA), A Matin Chowdhury, said they do not know anything about the progress of the ongoing tariff negotiations with the US. "Since we do not know anything, it is not possible to comment on the matter."

Asked whether it is possible to add 40% value sought by the US on woven garments, he told TBS, "If we can increase the price of the clothes by doing good quality washing and treatment, the value addition will increase compared to the price of the fabric. Then it will be possible."

The BTMA former president further said China does not have much investment in the readymade garment and textile sector of Bangladesh. "Even then, it is not clear why the US is concerned about this."

He said woven garment fabrics will have to be imported from China, as many types of fabrics, including synthetic fabrics, are not produced in Bangladesh.

He said if the 40% value addition condition remains in place, businesses will not have any problem in exporting denim and knitwear. "Steps must be taken now to ensure that there is no problem in the woven sector."

Yesterday, the Chief Adviser's Press Wing said on the third and final day of the talks with the US that Bangladesh and Washington have agreed on some more issues, while some matters still remain unresolved. To this end, both sides have decided that inter-ministerial dialogue between Dhaka and Washington will continue. Representatives of the two countries will sit down for talks again, either virtually or physically.

It is expected that the schedule of the next phase of talks will be fixed very soon.

The press wing said that the commerce adviser, secretary and additional secretary, who were in the Bangladesh delegation, will return home today. They will go to Washington again to sit for meetings if necessary.

However, as the second round of talks ended, Commerce Adviser Sheikh Bashir Uddin and Security Adviser Khalilur Rahman are optimistic that a positive position can be reached within the stipulated time.

Earlier, at the end of the first day's meeting on 9 July, the government said that the two sides had agreed on most of the issues in the arguments. The government, however, refrained from commenting on the tariff issue at that time.

Besides, after the second day's meeting, it was said that the two countries had agreed on some more matters.

CamScanner

# Apparel exports to US rose 14% in FY25

STAR BUSINESS REPORT

Bangladesh's garment exporters registered the highest growth in shipments to the United States (US) in the just-concluded 2024-25 fiscal year, thanks to the shifting of work orders from other countries, mainly China.

Bangladesh shipped $7.54 billion worth of apparel to the US in the last fiscal year, posting a 14 percent year-on-year growth.

With the spike, the share of exports to the US in overall garment shipments edged up nearly one percentage point to 19.18 percent year-on-year in FY25, according to the Export Promotion Bureau (EPB).

"Many American buyers increased sourcing from Bangladesh in the last fiscal year after shipments from Vietnam got stuck. US trade tensions with China also made some buyers source from us," said Shams Mahmud, managing director of Shasha Denims Ltd, a leading apparel exporter.



In FY25, woven garments accounted for the majority of the shipments to the US, the single biggest market for Bangladesh. Exports of woven items grew 13 percent year-on-year to $4.94 billion in FY25.

But knitwear makers' exports soared 15 percent year-on-year to $2.59 billion during the period.

Overall, Bangladesh sent over $39 billion worth of apparel in FY25, posting nearly a 9 percent growth.

The European Union (EU) bought half of the garments sold by the South Asian country, the world's second-largest apparel exporter after China.

In FY25, garment exports to the EU expanded 9 percent year-on-year to $19.7 billion.

Within the EU market, where Bangladesh's goods get duty-free entry, Germany was the biggest destination, followed by Spain, France, and the Netherlands, according to EPB data.

IPDC ডিপোজিট | ১৬৫১৯

Apart from the US and EU, the UK, Canada, and Japan were the largest markets for apparel in the last fiscal year.

Mohiuddin Rubel, managing director of Bangladesh Apparel Exchange, an initiative to promote local apparel and textiles, said that since the onset of Covid-19, the global landscape has taken unexpected turns, presenting a cascade of new challenges each day.

"Our performance remains robust in the traditional markets, boasting an impressive 84 percent share of our total apparel exports. However, the non-traditional market tells a different story, with our current stake standing at a modest 16 percent."

Exporters define the EU, US, UK, and Canada as traditional markets, while the rest—including Japan, Australia, and India—as non-traditional ones.

According to the EPB, Bangladesh's RMG exports to non-traditional markets increased 6 percent year-on-year to $6.44 billion in FY25.

Rubel said the US economy recovered faster than the EU. Besides, US purchases from China declined, which benefitted Bangladesh.

"We invested in factories and compliance. Now, a lot depends on the resolution of the tariff issue with the US," he said, referring to the government's negotiation with the Trump administration over its plan to impose a 35 percent tariff on Bangladesh's exports.

Mahmud said the worst-affected countries would focus on the EU markets because of Trump's tariffs.

"So, there will be a knock-on effect, and a price war may unfold in the EU market," he said. "In the US, consumer demand is likely to shrink due to the higher import cost. A price war is also likely in the American market."

The Business Standard
13 JUL 2025

CamScanner

The Daily Star

~~The Business Standard~~

13 JUL 2025

# RMG sector on edge as tariff talks make no headway

## Bangladesh faces squeeze from rivals

REFAYET ULLAH MIRDHA

Uncertainty over the garment industry has deepened as Bangladesh's inconclusive trade talks in Washington stand in stark contrast to favourable deals for its regional rivals.

Bloomberg News reported that the US is working toward an agreement with India that could reduce its proposed tariffs to below 20 percent, while Vietnam has secured an early, favourable deal.

The diverging outcomes threaten to create a multi-tiered tariff landscape in Asia, placing nations like Bangladesh at a serious disadvantage in the US market. The uncertainty is already rippling through the supply chain, with US retailers pausing orders from Bangladesh ahead of the peak Christmas season.

The impasse for Dhaka centres on two key US demands: a 35 percent tariff set to take effect on August 1, and a difficult 40 percent local value-addition requirement for goods to qualify as "Made in Bangladesh". The latter is a major challenge for the woven sector, which imports over 70 percent of its fabric from China.

> **Bangladesh needs to improve efficiency by reducing the cost of doing business to be more competitive.**
>
> **MASRUR REAZ,** chairman, Policy Exchange

"Work orders have been put on hold by buyers," said Ramzul Seraj, managing director of Elite Garments Ltd, an exporter to the US.

A Reuters report on Friday revealed that suppliers to Walmart have also delayed or suspended some orders with garment manufacturers in Bangladesh.

This contrasts with the situation for its competitors. On July 2, President Donald Trump announced a 20 percent tariff rate for Vietnam, the primary rival in global garment trade. Now, India appears poised to do even better. If finalised, Bloomberg reported, the arrangement would place India on a short list of trading partners that have secured preferential deals with the Trump administration, which has shocked other nations with higher tariffs.

The developments are compounding existing economic anxieties. Faruque Hassan, managing director of the Giant Group, warned of a slowdown in US consumer spending due to high inflation. "It will ultimately impact Bangladeshi exports to the US," he said.

Despite the headwinds, industry leaders in Dhaka are projecting cautious optimism. Mahmud Hasan Khan, president of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), said he is "very much hopeful that a level playing field of tariff will be ensured," citing the "positive discussion" that took place.

Khan indicated that the BGMEA will sit with the government upon the return of Commerce Adviser Sk Bashir Uddin, who led the delegation in Washington, to determine the industry's next steps. "Bangladesh has the capacity to cater to the work orders," Khan said, suggesting that while business may decrease, there is "no reason to panic."

Industry analysts and business leaders argue that Bangladesh is caught in a difficult position: it's facing a trade issue and geopolitical pressure from Washington.

According to Masrur Reaz, chairman of the think tank Policy Exchange, the conditions set by the US Trade Representative are exceptionally difficult to fulfil. He contends that while Bangladesh focused on the commercial aspects of the tariff issue, the negotiations are influenced by a broader US policy to reduce reliance on Chinese raw materials in the global value chain.

"Even if the Trump administration lowers the tariff for Bangladesh, the rate may not be significantly lower than Vietnam, India, and Pakistan," Reaz said. He suggested a "market-based solution," such as sharing the tariff burden among fabric suppliers, manufacturers, and retailers. In the long term, he added, "Bangladesh needs to improve efficiency by reducing the cost of doing business to be more competitive."

Mostafa Abid Khan, a former member of the Bangladesh Trade and Tariff Commission, described the situation as a "double bind," where it is nearly impossible for Dhaka to accept all of the US conditions, yet the threatened 35 percent tariff would be devastating for exports.

"The buyers are already suspending work orders," said Shams Mahmud, managing director of Shasha Denims. He highlighted the immediate financial risk for local suppliers, who fear being left with raw materials purchased through back-to-back letters of credit if orders are cancelled.

Faisal Samad, managing director of Surma Garments, calculated the direct impact, saying business costs would increase by at least 27 percent if the tariffs are not lowered, making it impossible to operate profitably. While negotiations are not over, he said buyers are already demanding greater value addition for future business.

For many, the goal is simply to achieve competitive parity. "If the tariff for Bangladesh is fixed at the level of India, Vietnam, and Pakistan," Mahmud said, "then it would be a win-win situation."

CamScanner

প্রথম আলো
13 JUL 2025

## বাংলাদেশ-যুক্তরাষ্ট্র আলোচনা

# শুল্ক কমানোর সিদ্ধান্ত নির্ভর করছে ট্রাম্পের ওপর





বাণিজ্য আলোচনায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র—দুই দেশই বেশ কিছু বিষয়ে একমত হয়েছে। তবে কয়েকটি বিষয় এখনো অমীমাংসিত রয়ে গেছে বলে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস ও প্রধান উপদেষ্টার প্রেস উইং জানিয়েছে। মার্কিন বাজারে বাংলাদেশী পণ্য রফতানিতে উচ্চহারে ধার্য শুল্ক কমানোর বিষয়টি অবশ্য ফলপ্রসূ হয়নি আলোচনায়। কেননা এটি নির্ভর করছে কেবল দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ওপর

নিজস্ব প্রতিবেদক ■

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের দ্বিতীয় দফায় তিন দিনব্যাপী বাণিজ্য আলোচনা গতকাল শেষ হয়েছে। বেশকিছু বিষয়ে একমত হয়েছে দুই দেশ। তবে কয়েকটি বিষয় অমীমাংসিত রয়ে গেছে বলে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস ও প্রধান উপদেষ্টার প্রেস উইং জানিয়েছে। মার্কিন বাজারে বাংলাদেশী পণ্য রফতানিতে উচ্চহারে ধার্য শুল্ক কমানোর বিষয়টি অবশ্য ফলপ্রসূ হয়নি। এ তথ্য নিশ্চিত করে অভ্যন্তরীণ সূত্র জানিয়েছে, শুল্ক হ্রাসের বিষয়টি নির্ভর করছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ওপর। তিনি চাইলেই কেবল এটি হতে পারে। তাছাড়া শুল্কের বিষয় আলোচনার টেবিলে নিয়ে আসার সিদ্ধান্তটিও ট্রাম্পের। তাই এখনো আশা ছাড়ছে না বাংলাদেশ।

ওয়াশিংটনে ৯-১১ জুলাই বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের মধ্যে বৈঠক হয়। শুরুর দিন এ নিয়ে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে জানানো হয়, যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি দপ্তর ইউএসটিআরের আমন্ত্রণে 'এগ্রিমেন্ট অন রেসিপ্রোকাল ট্যারিফ' শীর্ষক দরকষাকষির দ্বিতীয় দফার আলোচনায় অংশ নেন বাংলাদেশের প্রতিনিধিরা। বৈঠক শেষে জানানো হয়, দ্বিতীয় দফায় প্রথম দিন 'শুল্ক' আলোচনার পরিসর ছিল বিস্তৃত, যেখানে দুই দেশের বাণিজ্য সম্পর্কের প্রায় সব গুরুত্বপূর্ণ দিক উঠে আসে।

দ্বিতীয় দিনের বৈঠক শেষে প্রেস উইং থেকে জানানো হয়, 'শুল্ক' আলোচনায় দুই দেশের মধ্যে বর্তমান ও ভবিষ্যৎ বাণিজ্যের গতি-প্রকৃতি কেমন হবে সেসব বিষয় উপস্থাপন ও যুক্তিতর্ক হয়। বেশকিছু বিষয়ে দুই দেশ মোটামুটিভাবে একমত হয়েছে। কিছু বিষয় অবশ্য অমীমাংসিত রয়ে গেছে। তৃতীয় ও শেষ দিনের বৈঠক শেষে গতকাল জানানো হয়, দ্বিতীয় দফার 'বাণিজ্য' আলোচনার তৃতীয় ও শেষ দিনে আরো কিছু বিষয়ে একমত হয়েছে দুই দেশ।

এরপর ›› পৃষ্ঠা ৬ কলাম ৪

প্রথম আলো
13 JUL 2025

তবে কয়েকটি বিষয় এখনো অমীমাংসিত।

সূত্র জানিয়েছে, তিনদিনের আলোচনায় মূলত বাণিজ্যিক বিধিমালার বিষয়গুলো গুরুত্ব পেয়েছে। আর এ আলোচনা অব্যাহত থাকবে। বৈঠকে সরাসরি অংশ নেয়া বাংলাদেশের উর্ধ্বতন এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে এ বিষয়ে বণিক বার্তাকে বলেন, 'আলোচনা এখন পর্যন্ত একটা পজিটিভ জায়গায় আছে। ফাইনালি (চূড়ান্তভাবে) কী হবে বলা মুশকিল।'

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘোষণা অনুযায়ী ১ আগস্ট থেকে বাংলাদেশের পণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্ক কার্যকর হওয়ার কথা। তবে সেটি কমিয়ে আনার চেষ্টা চালানো হচ্ছে বাংলাদেশের পক্ষ থেকে। নির্ধারিত সময়ে আগে শুল্কের বিষয়ে কোনো পরিবর্তন আসতে পারে কিনা, জানতে চাইলে ওয়াশিংটনে বাংলাদেশসংশ্লিষ্ট সূত্র বলেছে, 'অবশ্যই আসতে পারে। তবে তার আগে আরো আলোচনা হবে দুই দেশের মধ্যে।' আলোচনার ধরন দেখে নিশ্চিতভাবে পরিবর্তন আসবে বলেও আশা প্রকাশ করা হয়।

শুল্কহারে পরিবর্তন বা এ নিয়ে যেকোনো সিদ্ধান্তের এখতিয়ার একমাত্র ট্রাম্পের—তা নিশ্চিত করে সূত্র জানায়, এ বিষয়ে সিদ্ধান্ত কী হবে সেটা নিয়ে আগে থেকে কিছু ভাবার সুযোগ নেই। তবে সেখানে আলোচনাও 'ফ্যাক্টর'। কারণ হিসেবে বলা হয়, শুল্কের বিষয়টি আলোচনার টেবিলে আনার পরিকল্পনা ট্রাম্পেরই।

প্রথমদিনের বৈঠক শুরুর আগে বাণিজ্য মন্ত্রণালয়সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছিল, আলোচনার পুরো প্রক্রিয়াটি শুধু যদি শুল্ক বা ট্যারিফের গল্প হতো তাহলে বিষয়টি অনেক সহজ ছিল। এটা ট্যারিফের গল্প না, গল্পটি ট্রেডের। 'ট্রেড' শব্দটি গোটা বিষয়টির জটিলতা শত গুণ বাড়িয়ে দিচ্ছে। ট্রেড করার ক্ষেত্রে বাংলাদেশকে বিভিন্ন ধরনের বাধ্যবাধকতা দিচ্ছে যুক্তরাষ্ট্র। কিছু বাধ্যবাধকতা দেশের অর্থনীতির সক্ষমতার বাইরে। এমনকি সেগুলো অভ্যন্তরীণ অর্থনীতিকেও ক্ষতিগ্রস্ত করবে। আর বাণিজ্য বিষয়ক বাধ্যবাধকতাগুলো মেনে নিতে চাপ সৃষ্টির জন্যই গত ৭ জুলাই বাংলাদেশের ওপর ৩৫ শতাংশ শুল্কহার আরোপের ঘোষণা দেন ডোনাল্ড ট্রাম্প।

ব্যবসায়ীরা অবশ্য বলছেন, তিনদিনের আলোচনায় শুল্কহার নিয়ে কোনো ইতিবাচক কিছুই হয়নি। কারণ এ আলোচনা নিয়ে প্রস্তুতির ঘাটতিতে বাংলাদেশের প্রস্তাব নিয়ে আগেই সন্তুষ্ট হতে পারেনি যুক্তরাষ্ট্র পক্ষ। সে সুযোগেই ৩৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দেন ট্রাম্প।

এদিকে আরোপিত শুল্কের প্রভাব এরই মধ্যে টের পেতে শুরু করেছেন রফতানিকারকরা। বাড়তি শুল্কের কারণে বাংলাদেশ থেকে ক্রেতারা ভিয়েতনামমুখী হচ্ছেন। সুনিভার্স ফুটওয়ার লিমিটেড যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, স্পেন, ইতালি, নেদারল্যান্ডস, নরওয়ে, চেক প্রজাতন্ত্র, স্লোভেনিয়া, দক্ষিণ কোরিয়া, ব্রাজিল ও যুক্তরাষ্ট্রের ক্রেতাদের কাছে নন-লেদারের জুতা রফতানি করে থাকে। সম্প্রতি কোম্পানিটিকে ক্রয়াদেশ দেয়ার জন্য বাংলাদেশে এসেছিলেন যুক্তরাষ্ট্রের এক ক্রেতা। তবে শুল্ক আরোপের ঘোষণার পর তিনি ক্রয়াদেশ না দিয়েই ভিয়েতনামে চলে যান।

এ তথ্য জানিয়ে সুনিভার্স ফুটওয়্যার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রিয়াদ মাহমুদ বণিক বার্তাকে বলেন, 'যুক্তরাষ্ট্রের ওই ক্রেতার বাংলাদেশে অবস্থানকালীন আমার সঙ্গে দেখা করার কথা ছিল। কিন্তু হঠাৎ করে শুল্ক আরোপের ঘোষণা এলে তিনি কোনো কিছু না জানিয়েই বাংলাদেশ ছেড়ে যান। পরে আমরা জানতে পারি যে তিনি ভিয়েতনামে চলে গেছেন। শুল্ক ঘোষণার আগে ওই ক্রেতা আমাদের কাছ থেকে জুতা নিতে আগ্রহী ছিলেন। আমি প্রথমবারের মতো এ ধরনের অভিজ্ঞতার মুখোমুখি হয়েছি।' দরকষাকষির মাধ্যমে যুক্তরাষ্ট্রের কাছ থেকে শুল্কছাড় আদায় করা সম্ভব না হলে বাংলাদেশের ক্রেতা ভিয়েতনামসহ অন্যান্য বাজারমুখী হয়ে পড়তে পারেন বলে আশঙ্কা প্রকাশ করেন এ ব্যবসায়ী।

পোশাক খাতের ব্যবসায়ীরাও একই আশঙ্কা করছেন। তারা বলছেন, এ খাতের চলমান ক্রয়াদেশ স্থগিত হওয়া থেকে শুরু করে শুল্কহারের বোঝা এককভাবে বহন করা নিয়ে আপত্তি জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ক্রেতারা। বিশ্বখ্যাত ওয়ালমার্টও বাংলাদেশের পোশাকের কিছু ক্রয়াদেশ পিছিয়ে দিয়েছে, কিছু ক্রয়াদেশ স্থগিত করেছে।

বার্তা সংস্থা রয়টার্স এ তথ্য জানিয়ে বলছে, আগামী ১ আগস্ট থেকে ট্রাম্প প্রশাসনের প্রস্তাবিত শুল্ক কার্যকর হলে ক্রয়াদেশ কমে যাবে বলে জানিয়েছেন কারখানা মালিকরা। কারণ ৩৫ শতাংশ অতিরিক্ত খরচ তারা বহন করতে পারবেন না।

রেসিপ্রোকাল ট্যারিফ হিসেবে বিশ্বের বিভিন্ন দেশের ওপর গত ২ এপ্রিল শুল্ক আরোপ করেন ডোনাল্ড ট্রাম্প। বাংলাদেশের ওপর আরোপ করা শুল্কহার ঘোষণা দেয়া হয় ৩৭ শতাংশ। এরপর ৯ এপ্রিল তিন মাসের জন্য সেই ঘোষণা তিনি স্থগিত করেন। ওই সময়ে বাংলাদেশসহ সব দেশের ওপর ১০ শতাংশ হারে শুল্ক প্রযোজ্য ছিল। তিন মাস শেষ হওয়ার আগেই বাংলাদেশসহ ১৪টি দেশের জন্য নতুন শুল্কহার ঘোষণা করেন ট্রাম্প।

রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রে রফতানি হওয়া বাংলাদেশের প্রধান পণ্যগুলোর মধ্যে রয়েছে তৈরি পোশাক। এছাড়া অন্য পণ্যগুলোর মধ্যে রয়েছে হেডগিয়ার, জুতা, অন্যান্য বস্ত্রপণ্য, পালক এবং পালক দ্বারা তৈরি সামগ্রী, চামড়াজাত পণ্য, মাছ, শস্যদানা, আসবাব প্রভৃতি।

অর্থমূল্য বিবেচনায় বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে রফতানি হওয়া মোট পণ্যের ৮৭ শতাংশই তৈরি পোশাক। এ খাতের প্রতিনিধিরা শুল্ক কমে আশার বিষয়ে এখনো আশাবাদী। বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএমইএ) সভাপতি মাহমুদ হাসান খান বণিক বার্তাকে বলেন, 'তিনদিনের বৈঠকে যারা সরাসরি যুক্ত ছিলেন তারা শুল্ক কমার বিষয়ে আশাবাদী। কাজেই আমাদের নিরাশ হওয়ার কোনো কারণ নেই। বৈঠকে আমি উপস্থিত ছিলাম না। তাই আমি মনে করি, ১ আগস্টের আগে শুল্ক কমতেও পারে, আবার না-ও পারে।'

এদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে বৈঠকে যুক্ত থাকা এক উর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে গতকাল বণিক বার্তার কথা হয়। তিনদিনের বৈঠকে অমীমাংসিত বিষয়গুলো কী জানতে চাইলে তিনি উল্লেখযোগ্য তিনটি বিষয়ের কথা জানান। সেগুলোর মধ্যে রয়েছে চুক্তির রুলস অব অরিজিনের বিষয়টি। এক্ষেত্রে বাংলাদেশের পণ্য উৎপাদনে মূল্য সংযোজন বৃদ্ধির বিষয়টি নিয়ে দরকষাকষি হয়েছে। এছাড়া অমীমাংসিত অন্য দুই বিষয়ের মধ্যে রয়েছে শ্রম আইন ও তথ্যপ্রযুক্তি সংক্রান্ত। ঘোষিত ৩৫ শতাংশ শুল্কহারে ১ আগস্টের আগে কোনো পরিবর্তন আসতে পারে কিনা জানতে চাইলে বৈঠকসংশ্লিষ্ট সূত্রটি জানায়, আসতে পারে। শুল্কের আলোচনাটি দুই লাইনের। বেশ কয়েকটি বিষয় উল্লেখ করে তারা বলেছিল, এগুলো করো তাহলে শুল্ক কমবে। তবে এ নিয়ে ট্রাম্পের সিদ্ধান্তই চূড়ান্ত।

আশাবাদের কারণ জানতে চাইলে ওই সূত্র বলেন, আমাদের আর্গুমেন্ট আশার কারণ। আমরা বলেছি যে শুল্ক না কমলে আমাদের সবচেয়ে বড় গন্তব্যে রফতানি কম্পিটেটিভ থাকবে না। এ বিষয়ে যুক্তরাষ্ট্রের দেয়া শর্তের অনেকগুলো মানা হয়েছে। বাকিগুলো মানা হবে না, এমনটা বলা হয়নি। বলা হয়েছে, বিবেচনা করা হবে।

সরকারের দরকষাকষির পদ্ধতিতে নিশ্চয়ই শক্তিশালী কোনো ক্ষেত্র রয়েছে বলে মনে করেন বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) সভাপতি ও বিজিএমইএর সাবেক সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী পারভেজ। বণিক বার্তাকে তিনি বলেন, 'আমাদের আরো অনেক শক্তিশালী পারস্যুয়েশন প্রয়োজন ছিল। আমরা হয়তো ধরে নিয়েছিলাম, আমাদের কিছুই হবে না। এমন ভাবাটা ভুল হয়েছে। যুক্তরাষ্ট্র এখনো বলছে তারা দরকষাকষি করবে। সেটার জন্য আমাদের যে প্রস্তুতি থাকতে হবে, তা না হলে এ পরিস্থিতি থেকে বের হয়ে আসাটা কঠিন।' এ কাজে সংশ্লিষ্ট সবাইকে অন্তর্ভুক্ত করার প্রয়োজন ছিল বলেও মনে করেন এ ব্যবসায়ী নেতা।

CamScanner

সমকাল

13 JUL 2025

বাংলাদেশ ব্যাংকের সার্কুলার

# আগামী ৬ মাস রপ্তানিতে প্রণোদনা আগের হারে


■ বিশেষ প্রতিনিধি

স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের প্রস্তুতি হিসেবে আগে দুই ধাপে রপ্তানি প্রণোদনার হার কমানোর পর এবার অপরিবর্তিত রাখা হয়েছে। তবে পুরো অর্থবছরের জন্য না করে আগামী ছয় মাসের জন্য নগদ সহায়তার হার ঘোষণা করা হয়েছে। পরিস্থিতি বিবেচনায় অর্থবছরের বাকি সময়ে কী হারে প্রণোদনা দেওয়া হবে পরে জানানো হবে। গত বৃহস্পতিবার এ সংক্রান্ত নীতিমালা জারি করেছে বাংলাদেশ ব্যাংক।

সংশ্লিষ্টরা জানান, ২০২৬ সালের নভেম্বরে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বাংলাদেশের উত্তরণ হওয়ার কথা রয়েছে। এলডিসি থেকে বের হওয়ার পর রপ্তানিতে নগদ সহায়তা দেওয়া যাবে না। এই প্রস্তুতির অংশ হিসেবে ২০২৪-২৫ অর্থবছরে দুই ধাপে প্রণোদনার হার কমানো হয়। এবারও কমানোর কথা ছিল। তবে যুক্তরাষ্ট্রের বাড়তি শুল্ক, ভারতের স্থলবন্দর দিয়ে পণ্য রপ্তানি বন্ধ এবং গত বছর আকস্মিক রাজনৈতিক পট পরিবর্তনের পর শিল্প খাতে অস্থিরতার কারণে রপ্তানিমুখী শিল্প চাপে রয়েছে। এ অবস্থায় নগদ সহায়তা অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, রপ্তানিমুখী দেশীয় বস্ত্র খাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাকের পরিবর্তে বিকল্প নগদ সহায়তা হবে দেড় শতাংশ। ইউরো অঞ্চলে বস্ত্র খাতে অতিরিক্ত বিশেষ সহায়তা থাকবে শূন্য দশমিক ৫০ শতাংশ। নিট, ওভেন, সোয়েটারসহ তৈরি পোশাকের সব ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অতিরিক্ত ৩ শতাংশ বহাল থাকছে। বস্ত্র খাতে নতুন পণ্য বা নতুন বাজার সম্প্রসারণ সুবিধা ২ শতাংশ এবং তৈরি পোশাকের বিশেষ নগদ সহায়তা শূন্য দশমিক শূন্য ৩ শতাংশ অপরিবর্তিত থাকছে।

সার্কুলারে বলা হয়েছে, বৈচিত্র্যপূর্ণ পাটপণ্যে নগদ সহায়তা ১০ এবং পাটজাত চূড়ান্ত দ্রব্যে ৫ এবং পাটের সুতায় নগদ সহায়তা ৩ শতাংশ অপরিবর্তিত থাকবে। চামড়াজাত দ্রব্য রপ্তানির প্রণোদনা ১০ এবং ফিনিশড ও ক্রাস্ট লেদারে ৬ শতাংশ বহাল রাখা হয়েছে। ওষুধের কাঁচামালে ৫ এবং হালাল মাংসে ১০ শতাংশ নগদ সহায়তা মিলবে। হিমায়িত চিংড়ি রপ্তানির ক্ষেত্রে বরফ আচ্ছাদনের হার



অনুযায়ী ৪ শতাংশ থেকে ৮ এবং অন্যান্য মাছে সর্বোচ্চ সাড়ে ৩ ও সর্বনিম্ন দেড় শতাংশ দেওয়া হবে। কৃষিপণ্য, প্রক্রিয়াজাত কৃষিপণ্য এবং আলু, হালকা প্রকৌশলে ১০ শতাংশ অপরিবর্তিত থাকছে। গত অর্থবছরের মতোই ৬ শতাংশ হারে নগদ সহায়তা পাবে মোটরসাইকেল, ফার্মাসিউটিক্যালস পণ্য, রেজার ও রেজার ব্লেড, কনজ্যুমার ইলেকট্রনিকস, পেট বোতল ফ্লেক্স, জাহাজ, প্লাস্টিক দ্রব্য। এ ছাড়া হাতে তৈরি পণ্য যেমন– হোগলা, খড়, আখ বা নারকেলের ছোবড়া, দেশে উৎপাদিত কাগজ, গার্মেন্টের ঝুট, গরু-মহিষের নাড়িভুঁড়ি, শিং ও রগ, কাঁকড়া-কুঁচিয়াতে ৬ শতাংশই থাকছে।

ফার্নিচার, সিনথেটিক ও ফেব্রিক্সের মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ, পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন ও জুট পার্টিকেল বোর্ড, শস্য ও শাকসবজির বীজ, আগর ও আতরে ৮ শতাংশ নগদ সহায়তা থাকবে। সফটওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যারে ৬ শতাংশ এবং ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের সফটওয়্যার ও আইটিএসে আড়াই শতাংশ। বিশেষায়িত অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠানের ভর্তুকি শূন্য দশমিক ৩ শতাংশ থেকে ২ শতাংশ। দেশে উৎপাদিত চা, এমএস স্টিলে ২ শতাংশ। চাল, বাইসাইকেল ও এর পার্টস এবং সিমেন্টে ৩ শতাংশ। কেমিক্যাল পণ্যে ৫ এবং টুপিতে ৭ শতাংশ নগদ সহায়তা বহাল থাকছে।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

13 JUL 2025

সমকাল

# যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি বেড়েছে ১৪ শতাংশ

■ সমকাল প্রতিবেদক

। ২০২৪-২৫ অর্থবছর

সদ্যসমাপ্ত ২০২৪-২৫ অর্থবছরে (জুলাই-জুন) দেশের তৈরি পোশাক খাতে ৩৯ দশমিক ৩৫ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি হয়েছে, যা আগের অর্থবছরের তুলনায় ৮ দশমিক ৮৪ শতাংশ বেশি। আগের বছর এ খাতের মোট রপ্তানি আয় ছিল ৩৬ দশমিক ১৫ বিলিয়ন ডলার। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) সূত্রে এ তথ্য জানা গেছে।

ইপিবির তথ্য অনুযায়ী, রপ্তানি বৃদ্ধিতে বড় ভূমিকা রেখেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও কানাডার বাজার। নতুন বাজারগুলোতেও উল্লেখযোগ্য পরিমাণে রপ্তানি বেড়েছে। সমাপ্ত অর্থবছরে ইইউভুক্ত দেশগুলোতে মোট ১৯ দশমিক ৭১ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানি হয়েছে, যা বাংলাদেশ থেকে মোট পোশাক রপ্তানি মূল্যের ৫০ দশমিক ১০ শতাংশ। এ বাজারে রপ্তানি বৃদ্ধির হার ৯ দশমিক ১০ শতাংশ। ইউরোপের বড় বাজারগুলোর মধ্যে সবচেয়ে বেশি রপ্তানি হয়েছে জার্মানিতে ৪ দশমিক ৯৫ বিলিয়ন ডলার।



একক দেশ হিসেবে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি ১৩ দশমিক ৭৯ শতাংশ বেড়ে ৭ দশমিক ৫৪ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে, যা মোট রপ্তানির ১৯ দশমিক ১৮ শতাংশ। কানাডায় প্রবৃদ্ধির হার ১২ শতাংশেরও বেশি। তবে যুক্তরাজ্যে রপ্তানি কিছুটা ধীরগতি ছিল। গেল অর্থবছরে মাত্র ৩ দশমিক ৬৮ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। প্রচলিত বাজারের পাশাপাশি নতুন বাজারেও অগ্রগতি আছে। পোশাকের নতুন বাজারে মোট ৬ দশমিক ৪৪ বিলিয়ন ডলার রপ্তানি হয়েছে, প্রবৃদ্ধির হার ৫ দশমিক ৬১ শতাংশ।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো

13 JUL 2025

# শুল্ক নিয়ে আবার আলোচনায় বসবে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ

**বাংলাদেশ-যুক্তরাষ্ট্র আলোচনা**

দ্বিতীয় দফার বাণিজ্য আলোচনার তৃতীয় ও শেষ দিনে আরও কিছু বিষয়ে দুই দেশ একমত হয়েছে। কয়েকটি বিষয় এখনো অমীমাংসিত রয়ে গেছে।

**কূটনৈতিক প্রতিবেদক,** *ঢাকা*

যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্যের শুল্কছাড় নিয়ে দেশটির সঙ্গে আলোচনায় কয়েকটি বিষয়ের সুরাহা হয়নি। এমন পরিস্থিতিতে ওয়াশিংটনে দুই দেশের তিন দিনের আলোচনা শেষ হয়েছে। তবে শুল্কছাড়ের বিষয়ে দুই পক্ষ আবার আলোচনার টেবিলে ফিরতে সম্মত হয়েছে।

গতকাল শনিবার ওয়াশিংটন থেকে বাংলাদেশ দূতাবাস এক বার্তায় এ তথ্য জানিয়েছে।

ঢাকা এবং ওয়াশিংটনের কূটনৈতিক সূত্রগুলো *প্রথম আলো*কে জানিয়েছে, গত বুধ ও বৃহস্পতিবার দুই দেশ যেভাবে খোলামেলাভাবে আলোচনা করছিল, তা বাংলাদেশকে তিন দিনের আলোচনার ব্যাপারে আশাবাদী করে তুলেছিল। বাংলাদেশের প্রতিনিধিদলের প্রত্যাশা ছিল, শুল্কছাড়ের পথ সুগম করতে দুই দেশ এই বৈঠকে প্রায় সব বিষয়ে একমত হবে। কিন্তু শেষ পর্যন্ত তা ঘটেনি।

দুই দেশে অবস্থানরত কূটনৈতিক সূত্রগুলো আভাস দিয়েছে, শুল্কছাড়ের আলোচনায় যুক্ত ছিল তিনটি বিষয়। এগুলো হচ্ছে— বাণিজ্য-সম্পর্কিত, সুশাসন-সংশ্লিষ্ট এবং যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়। প্রথম দুটি ক্ষেত্রে দুই পক্ষের মধ্যে যথেষ্ট ঐকমত্য হলেও যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে মতপার্থক্য দূর হয়নি। বিশেষ করে তৃতীয় কোনো দেশের প্রসঙ্গ সামনে এনেছিল যুক্তরাষ্ট্র।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বাংলাদেশের শিল্পোৎপাদনের জন্য স্বল্পমূল্যে ও সহজে আমদানি করা যায়—এমন তৃতীয় দেশ থেকে পণ্য আমদানি কমানোর বিষয়টি আলোচনায় এসেছিল। বৈঠকে তৃতীয় কোনো দেশে মার্কিন নিষেধাজ্ঞা থাকলে সেই গন্তব্যের সঙ্গে লেনদেন থেকে সরে আসার বিষয়ও আলোচনায় এসেছিল। কিন্তু বাংলাদেশ সব সময় ডব্লিউটিওর বিধান মেনেই দ্বিপক্ষীয় বাণিজ্য সম্পর্ক এগিয়ে নিচ্ছে। এমন এক প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্রের প্রস্তাব অনুযায়ী দেশের বাণিজ্যনীতিতে পরিবর্তন আনাটা বাংলাদেশের জন্য সহজ নয়। যদিও বাংলাদেশ আভাস দিয়েছে প্রতিনিধিদল ঢাকায় ফিরে অমিমাংসিত বিষয়ে পুনরায় আলোচনায় বসবে।

দেশি-বিদেশি বাণিজ্য ও কূটনৈতিক বিশ্লেষকেরা বাণিজ্য ঘাটতি কমানোর নামে নতুন শুল্কহার নির্ধারণকে 'ভূরাজনৈতিক কৌশল' হিসেবে দেখছেন। তাদের মতে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্পূরক শুল্কের নামে আসলে চীনকে চাপ দেওয়ার অস্ত্র বেছে নিয়েছেন। এখানে শুল্কহার নির্ধারণ করতে ট্রাম্প মূলত বেশির ভাগ ক্ষেত্রে এমন দেশগুলোকে বেছে নিয়েছেন, যারা আমদানির জন্য চীনের ওপর নির্ভরশীল কিংবা দেশগুলোতে নানা খাতে চীনের উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ রয়েছে।

- শুল্কছাড়ের আলোচনায় যুক্ত ছিল তিনটি বিষয়। এগুলো হচ্ছে— বাণিজ্য-সম্পর্কিত, সুশাসন-সংশ্লিষ্ট এবং যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়।
- যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে মতপার্থক্য দূর হয়নি। বিশেষ করে তৃতীয় কোনো দেশের প্রসঙ্গ সামনে এনেছিল যুক্তরাষ্ট্র।

ট্রাম্পের সম্পূরক শুল্ক যে বাংলাদেশকে চাপে ফেলেছে, সেটি আলোচনায় যুক্ত বাংলাদেশি কর্মকর্তারা স্বীকার করেছেন। ফলে একদিকে বড় ক্রেতা; অন্যদিকে, বড় বাজার— দুটোর একটিকে বেছে নেওয়া বাংলাদেশের জন্য দুরূহ হয়ে পড়েছে। যদিও যুক্তরাষ্ট্র তাদের বাজারে রুলস অব অরিজিনের প্রস্তাবে ৪০ শতাংশ স্থানীয় মূল্য সংযোজন বাধ্যতামূলক করার কথা বলা হয়েছে।

**কিছু বিষয় অমীমাংসিত**

এ দিকে ওয়াশিংটনের বাংলাদেশ দূতাবাস থেকে গতকাল পাঠানো এক বার্তায় জানানো হয়েছে, দ্বিতীয় দফার বাণিজ্য আলোচনার তৃতীয় ও শেষ দিনে আরও কিছু বিষয়ে দুই দেশ একমত হয়েছে। কয়েকটি বিষয় এখনো অমীমাংসিত রয়ে গেছে। সম্পূর্ণ একমত হতে পারেনি কয়েকটি বিষয়ে। তবে দুই পক্ষ নিজেদের মধ্যে আন্তমন্ত্রণালয় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্তে পৌঁছেছে। এ জন্য দুই দেশের প্রতিনিধিরা আবার আলোচনায় বসবেন। সেই আলোচনা ভার্চ্যুয়ালি ও সামনাসামনি—দুই প্রক্রিয়াতেই হতে পারে। খুব দ্রুত সেই সময় ও তারিখ নির্ধারণ করা হবে বলে ধারণা করা হচ্ছে।

গত এপ্রিলে বাংলাদেশসহ ৫৭টি দেশের পণ্যের ওপর বাড়তি শুল্কারোপের ঘোষণা দিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বাংলাদেশের ক্ষেত্রে ঘোষিত শুল্কহার ছিল ৩৭ শতাংশ। এর পরপরই শুল্ক কমানো নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা শুরু করে বাংলাদেশ। একপর্যায়ে পাল্টা শুল্ক ৯০ দিনের জন্য স্থগিত করে যুক্তরাষ্ট্র। ৯ জুলাই এই স্থগিতাদেশের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। যদিও ৭ জুলাই বাংলাদেশসহ ১৪টি দেশের পণ্যের ওপর নতুন হারে পাল্টা শুল্কের ঘোষণা দেন ট্রাম্প। তাতে বাংলাদেশের ক্ষেত্রে এ শুল্ক ৩৫ শতাংশ হারে পুনর্নির্ধারিত হয়।

বাড়তি শুল্কছাড় নিয়ে গত বুধবার দুই দেশের মধ্যে তিন দিনের আলোচনা শুরু হয়। আলোচনায় বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দিয়েছেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দিন। ঢাকা থেকে ভার্চ্যুয়ালি যুক্ত ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান। সরাসরি আরও উপস্থিত ছিলেন বাণিজ্য সচিব মাহবুবুর রহমান, অতিরিক্ত সচিব নাজনীন কাওসার চৌধুরী। ভার্চ্যুয়ালি যুক্ত ছিলেন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা ও বিশেষজ্ঞরা।

CamScanner

প্রথম আলো

13 JUL 2025

# স্থগিত হচ্ছে যুক্তরাষ্ট্রের ক্রয়াদেশ

**ট্রাম্পের পাল্টা শুল্ক**

আগামী আগস্টে যেসব চালান যুক্তরাষ্ট্রে রপ্তানি হওয়ার কথা রয়েছে, সেগুলোর ওপরই মূলত স্থগিতাদেশ আসতে শুরু করেছে।

**মাসুদ মিলাদ**, *চট্টগ্রাম* ও **শুভংকর কর্মকার**, *ঢাকা*

চট্টগ্রামের ইনডিপেনডেন্ট অ্যাপারেলস যুক্তরাষ্ট্রের এক ক্রেতাপ্রতিষ্ঠানের কাছে ১৫ লাখ ডলারের স্পোর্টসওয়্যার রপ্তানির প্রস্তুতি নিচ্ছিল। তবে আগামী ১ আগস্ট থেকে বাংলাদেশের পণ্যে ৩৫ শতাংশ পাল্টা শুল্ক কার্যকরের ট্রাম্পের ঘোষণার পর সেই ক্রয়াদেশ স্থগিতের কথা জানায় মার্কিন ক্রেতাপ্রতিষ্ঠানটি।

জানতে চাইলে ইনডিপেনডেন্ট অ্যাপারেলসের ব্যবস্থাপনা পরিচালক এস এম আবু তৈয়ব *প্রথম আলোকে* বলেন, এই ক্রয়াদেশের পোশাক বানানোর জন্য রোববার চীন থেকে কাপড় চট্টগ্রামমুখী জাহাজে ওঠানোর কথা ছিল। বাড়তি শুল্কের বিষয়টি সুরাহা না হওয়া পর্যন্ত এই কাপড়ও জাহাজে না তোলার কথা বলেছে মার্কিন ক্রেতাপ্রতিষ্ঠানটি। কারণ, ১ আগস্টের পরই চালানটি যুক্তরাষ্ট্রে রপ্তানি হওয়ার কথা।

চট্টগ্রামের নাসিরাবাদের ইনডিপেনডেন্ট অ্যাপারেলসের পোশাক রপ্তানির ৮৯ শতাংশের গন্তব্য যুক্তরাষ্ট্র। এই প্রতিষ্ঠানের মতো যুক্তরাষ্ট্রের ওপর নির্ভরশীল রপ্তানিকারকদের অনেকেই মার্কিন ক্রেতাদের কাছ থেকে চলমান ক্রয়াদেশ স্থগিত রাখার নির্দেশনা পেয়েছেন বলে *প্রথম আলোকে* জানিয়েছেন।

রপ্তানিকারকেরা জানান, বাড়তি শুল্কের বিষয়টি সুরাহা না হওয়া পর্যন্ত মার্কিন ক্রেতারা অপেক্ষা করতে চান। এখন যেসব চালান ২৮ জুলাইয়ের আগে চট্টগ্রাম থেকে জাহাজে তোলা যাবে, সেগুলোর ওপর স্থগিতাদেশ নেই। এরপর যেসব চালান জাহাজে তোলার অপেক্ষায় আছে, মূলত সেগুলো স্থগিতের নির্দেশনা পাচ্ছেন তাঁরা।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত এপ্রিলে বাংলাদেশসহ ৫৭টি দেশের পণ্যের ওপর বাড়তি শুল্ক আরোপের ঘোষণা দেন। শুরুতে বাংলাদেশের পণ্যের জন্য এই বাড়তি শুল্ক হার ছিল ৩৭ শতাংশ। এর পরপরই শুল্ক কমানো নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা শুরু করে বাংলাদেশ। একপর্যায়ে শুল্কারোপের সিদ্ধান্ত ৯০ দিনের জন্য স্থগিত করে যুক্তরাষ্ট্র। ৯ জুলাই এই স্থগিতাদেশের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। তবে তার আগে ৭ জুলাই বাংলাদেশসহ ১৪টি দেশের পণ্যের ওপর নতুন করে বাড়তি শুল্কের ঘোষণা দেন ট্রাম্প। এই দফায় বাংলাদেশি পণ্যের জন্য শুল্কহার নির্ধারণ করা হয় ৩৫ শতাংশ।

**এপ্রিলেও ছিল স্থগিতাদেশ**

গত ২ এপ্রিল প্রথম দফায় পাল্টা শুল্ক আরোপের পর ক্রয়াদেশের স্থগিতাদেশ দেওয়া শুরু করেছিলেন মার্কিন ক্রেতারা। অবশ্য ৯ এপ্রিল থেকে পাল্টা শুল্ক কার্যকারিতা পিছিয়ে দেওয়ার পর এই স্থগিতাদেশ তুলে নিতে শুরু করেন তাঁরা। তবে বাড়তি ১০ শতাংশ শুল্ক কার্যকর করে ট্রাম্প প্রশাসন। বাড়তি ১০ শতাংশ পাল্টা শুল্কের প্রভাবে গত মে মাসে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রপ্তানি কমেছে।

> **“ যদি ঘোষিত পাল্টা শুল্কহার না কমে, তবে ক্রয়াদেশ স্থগিত ও বাতিলের মতো ঘটনা আরও বাড়বে। এরই মধ্যে এ রকম কিছু ঘটনা আমাদের নজরে এসেছে।**
>
> **মাহমুদ হাসান খান,**
> সভাপতি, বিজিএমইএ



- পাল্টা শুল্ক ঘোষণার পর ওয়ালমার্টের এক আমদানিকারক দেশীয় প্রতিষ্ঠান প্যাট্রিয়ট ইকো অ্যাপারেলের প্রায় ৯ লাখ পিস সাঁতারের পোশাকের ক্রয়াদেশ স্থগিত করে।
- চট্টগ্রামের ইনডিপেনডেন্ট অ্যাপারেলসের ১৫ লাখ ডলারের স্পোর্টসওয়্যার রপ্তানি ক্রয়াদেশ স্থগিত করেছে মার্কিন ক্রেতাপ্রতিষ্ঠান।

**নতুন করে আসছে স্থগিতাদেশ**

দীর্ঘদিন ধরে এদেশীয় প্রতিষ্ঠান প্যাট্রিয়ট ইকো অ্যাপারেল মার্কিন ক্রেতাপ্রতিষ্ঠান ওয়ালমার্টের কাজ করছে। পাল্টা শুল্ক ঘোষণার পর ওয়ালমার্টের এক আমদানিকারক এই প্রতিষ্ঠানের প্রায় ৯ লাখ পিস সাঁতারের পোশাকের ক্রয়াদেশ স্থগিত করে। প্রতি পিস পোশাকের দাম ছিল ১ ডলার ২৫ সেন্ট।

জানতে চাইলে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক ইকবাল হোসেন *প্রথম আলোকে* বলেন, এই কার্যাদেশ স্থগিত হওয়ায় আগস্টে কারখানার ২০ লাইনের মধ্যে ৩ লাইন ফাঁকা থাকার শঙ্কা তৈরি হয়েছে। আসলে বাড়তি ৩৫ শতাংশ শুল্ক দিয়ে মার্কিন ক্রেতারাও দুশ্চিন্তায় পড়ে গেছে।

তৈরি পোশাক খাতের ডিজাইনটেক্স গ্রুপ বছরে ২৪ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করে। তার মধ্যে ৩৫ শতাংশের গন্তব্য যুক্তরাষ্ট্র। ট্রাম্প নতুন করে পাল্টা শুল্ক ঘোষণার পর ১০ লাখ পিস পোশাকের একটি প্রাথমিক ক্রয়াদেশের ৩০-৪০ শতাংশ স্থগিত করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে ডিজাইনটেক্সের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) খন্দকার রফিকুল ইসলাম *প্রথম আলোকে* বলেন, ‘নতুন করে আবার ক্রয়াদেশ স্থগিত হতে শুরু করেছে। আমাদের পাল্টা শুল্ক ভিয়েতনামের কাছাকাছি থাকলেও কোনো সমস্যা ছিল না। তবে আমাদের দর-কষাকষি নিয়ে ক্রেতারা হতাশ।’

স্প্যারো গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) শোভন ইসলাম *প্রথম আলোকে* বলেন, ক্রেতারা খুবই নেতিবাচক মনোভাব পোষণ করছেন। তাঁরা অভিযোগ করছেন, ‘আমরা ভিয়েতনামের মতো দর-কষাকষি করছি না। ৩৫ শতাংশ শুল্ক দিয়ে ক্রেতারা পণ্য নেবেন না। এ কারণে তাঁরা বিকল্প পরিকল্পনা করছেন।’

চট্টগ্রামের আরডিএম গ্রুপের ৩৫ লাখ ডলারের কয়েকটি চালান আগস্টে রপ্তানি হওয়ার কথা ছিল। বাড়তি শুল্কের কারণে তারাও শঙ্কায় আছেন। জানতে চাইলে আরডিএম গ্রুপের চেয়ারম্যান রাকিবুল আলম চৌধুরী *প্রথম আলোকে* বলেন, আগস্টে যেসব চালান জাহাজীকরণের সময় রয়েছে, সেগুলো এখন ২৮ জুলাইয়ের মধ্যে জাহাজে তোলার কথা জানিয়েছে ক্রেতাপ্রতিষ্ঠান। এ সময়ের মধ্যে সম্ভব না হলে স্থগিত রাখার কথা বলেছে। যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেস থেকে মুঠোফোনে তিনি বলেন, ‘স্থগিতাদেশের পাশাপাশি আগামী মৌসুমে যে ক্রয়াদেশ পাওয়ার কথা, তা-ও এখন পাচ্ছি না।’

রপ্তানিতে একক দেশ হিসেবে যুক্তরাষ্ট্রের বাজার সবচেয়ে বড়। জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরের হিসাবে, সদ্য বিদায়ী ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশের মোট রপ্তানির ১৯ শতাংশ বা ৮৭৬ কোটি ডলার পণ্যের গন্তব্য ছিল যুক্তরাষ্ট্র। এর মধ্যে বড় অংশই তৈরি পোশাক। তৈরি পোশাক রপ্তানি হয় প্রায় ৭৫৯ কোটি ডলারের।

তৈরি পোশাক ছাড়াও গত অর্থবছর ১১৭ কোটি ডলারের অন্যান্য পণ্য রপ্তানি হয়েছে যুক্তরাষ্ট্রে। তাঁদেরও কেউ কেউ এখন ক্রয়াদেশ স্থগিতের নির্দেশনা পাচ্ছেন বলে *প্রথম আলোকে* জানিয়েছেন। এ রকমই একটি প্রতিষ্ঠান চট্টগ্রামের কর্ণফুলী উপজেলার মাসুদ অ্যাগ্রো প্রসেসিং ফুড প্রোডাক্টস।

প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক আশরাফ হোসেন *প্রথম আলোকে* বলেন, ‘তাদের হিমায়িত ও শুকনো খাদ্যপণ্যের তিনটি চালান আগামী মাসে রপ্তানি হওয়ার কথা ছিল। তবে বাড়তি শুল্কের বিষয়টি মীমাংসা হওয়ার আগে পণ্য রপ্তানি স্থগিত রাখার কথা জানিয়েছে মার্কিন ক্রেতাপ্রতিষ্ঠানটি।’

**বাংলাদেশের শুল্ক বেশি**

সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নতুন করে দুই দফায় ২১টি দেশের জন্য পাল্টা শুল্ক ঘোষণা করেছেন। ভিয়েতনামের শুল্কহার ২০ শতাংশে নামিয়ে আনার ঘোষণাও দিয়েছেন তিনি। সব মিলিয়ে ২২টি দেশের নতুন শুল্কহার পর্যালোচনা করে দেখা যায়, পোশাক রপ্তানিতে প্রতিযোগী দেশগুলোর তুলনায় বাংলাদেশের ওপর আরোপ করা শুল্কহার বেশি। শুধু কম্বোডিয়ার চেয়ে বাংলাদেশের শুল্কহার ১ শতাংশ কম।

যুক্তরাষ্ট্রের বাজারে শীর্ষ রপ্তানিকারক ভিয়েতনামের চেয়ে বাংলাদেশের শুল্ক ১৫ শতাংশ বেশি। আর ইন্দোনেশিয়ার চেয়ে ২ শতাংশ ও শ্রীলঙ্কার চেয়েও ৫ শতাংশ বেশি।

সার্বিক বিষয়ে জানতে চাইলে তৈরি পোশাকশিল্পের মালিকদের সংগঠন বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান *প্রথম আলোকে* বলেন, ‘শুল্কহার নিয়ে দুই দেশের মধ্যকার আলোচনা শেষ হয়েছে। আমরা শুনেছি, ৮৫ শতাংশ বিষয়ে উভয় পক্ষ একমত হয়েছে। এখন আমরা ফলাফলের অপেক্ষায়। যদি ঘোষিত পাল্টা শুল্ক হার না কমে, তবে ক্রয়াদেশ স্থগিত ও বাতিলের মতো ঘটনা আরও বাড়বে। এরই মধ্যে এ রকম কিছু ঘটনা আমাদের নজরে এসেছে।’